#movements matter

# আপনার শিশুর নড়াচড়া গুরুত্বপূর্ণ

Bengali

## আমার শিশুর নড়াচড়া গুরুত্বপূর্ণ কেন?

**যদি আপনার শিশুর নড়াচড়ার নমুনা বদলায়, তাহলে সে যে সুস্থ নয় এটা তার লক্ষণ হতে পারে।**

মৃতসন্তান প্রসব করা সব মহিলাদের অর্ধেকের কাছাকাছি তাঁদের শিশুর নড়াচড়া মন্থর হওয়া বা থেমে যাওয়া লক্ষ্য করেছেন।

## আমার কী করা উচিৎ?

**যে কোন অবস্থায়, আপনি যদি আপনার শিশুর নড়াচড়ার কোন পরিবর্তনে চিন্তিত হন, তাহলে আপনার ধাই বা ডাক্তারের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করুন।**

আপনি **তাঁদের সময় নষ্ট করছেন না।**

## কত ঘন ঘন আমার শিশু নড়াচড়া করবে?

**স্বাভাবিক নড়াচড়ার কোন স্থির সংখ্যা নাই।**

আপনার শিশুর নড়াচড়া করার অনন্য নমুনা আপনার জানা উচিৎ।

শিশুর নড়াচড়াকে লাথি মারা বা ঝাপটানি হতে আঘাত করা বা গড়িয়ে পড়ার মত যে কোন ভাবে বর্ণনা করা যেতে পারে।

আপনি আপনার শিশুর নড়াচড়া গর্ভের **১৬ এবং ২৪ সপ্তাহের মধ্যে** অনুভব করতে শুরু করবেন, আপনার গর্ভের ফুল যেখানেই থাকুক না কেন।

## এর পর কী হতে পারে?

আপনার ধাই বা ডাক্তারের উচিৎ আপনাকে আপনার ম্যাটারনিটি ইউনিটে আসতে বলা (কর্মচারীদেরকে ২৪ ঘণ্টা, সপ্তাহের ৭ দিন পাওয়া যায়)।

তদন্তে অন্তর্ভূক্ত থাকতে পারেঃ

- শিশুর হৃদস্পন্দন পরীক্ষা করা
- আপনার শিশুর বৃদ্ধির মাপ করা
- আলট্রাসাউণ্ড স্ক্যান
- রক্ত পরীক্ষা

## শিশুর নড়াচড়া সম্বন্ধে সাধারণ কল্পকথা

**শিশুরা গর্ভের শেষের দিকে** কম নড়াচড়া করে তা **সত্য নয়।**

**সরাসরি আপনার প্রসব বেদনা শুরু হওয়া পর্যন্ত আপনি আপনার শিশুর নড়াচড়া** অনুভব করতে থাকাবেন**এবং প্রসব বেদনার সময়ও।**

**আপনার শিশুর নড়াচড়া সম্বন্ধে যদি দুশ্চিন্তা হয়, তাহলে আপনার শিশুকে উদ্দীপ্ত করার জন্য**কিছু খেলে বা পান করলে **কোন ফল হয় না।**



**আরো খুঁজে বের করুনঃ movementsmatter.org.au**

এদের দ্বারা অনুমোদনকৃতঃ রয়েল অস্ট্রেলিয়ান এ্যাণ্ড নিউ জীল্যাণ্ড কলেজ অব অবস্টেট্রিক্স এ্যাণ্ড গাইনীকোলোজী (RANZCOG), বেয়ারস অব হোপ এ্যাণ্ড স্যাণ্ডস এবং নিচের প্রতিষ্ঠানগুলি। আমরা টমির ইউকে কে তাদের অভিযানকে আমাদের প্রয়োজনে ব্যবহার করতে দেয়ার জন্য ধন্যবাদ জানাই। **stillbirthcre@mater.uq.edu.au এখানে আমাদের সঙ্গে যোগাযোগ করুন**